গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পুলিশ
পুলিশ হেডকোয়ার্টার্স
পার্সোনেল ম্যানেজমেন্ট-৩ শাখা
www.police.gov.bd

**অতীব জরুরি**

স্মারক নং-৪৪.০১.০০০০.১০৮.১২.৪০১.২৬- ১৮৯

তারিখ : ১৫ মাঘ ১৪৩২ বঙ্গাব্দ
২৯ জানুয়ারি ২০২৬ খ্রিষ্টাব্দ

**বিষয় : কনস্টেবল হতে নায়েক পদে পদোন্নতি প্রদানের নিমিত্ত বদলি/পদায়ন প্রসঙ্গে।**

সূত্র : ক. পুলিশ হেডকোয়ার্টার্সের স্মারক নং-৪৪.০১.০০০০.০২৮.০৪.০০১.২৬/৭৫, তারিখ-২০ জানুয়ারি ২০২৬ খ্রি.
খ. পুলিশ হেডকোয়ার্টার্সের স্মারক নং-৪৪.০১.০০০০.১০৮.১২.৪০১.২৬-১৫১; তারিখ-২২ জানুয়ারি ২০২৬ খ্রি.
গ. ঝালকাঠি জেলার স্মারক নং-৪৯৯; তারিখ-২৫.০১.২০২৬ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পুলিশের অধস্তন কর্মকর্তা এবং কর্মচারীগণের ২০২৫ সালের বিভাগীয় পদোন্নতি পরীক্ষায় (যার ফলাফল ০১/০১/২০২৫ হতে ৩১/১২/২০২৫ খ্রি. পর্যন্ত কার্যকর) কনস্টেবল হতে নায়েক পদে মেধাক্রম-০১ হতে ২৫১ পর্যন্ত পদোন্নতিযোগ্য প্রার্থীদের পদোন্নতি প্রদানের লক্ষ্যে বিভিন্ন জেলা/ইউনিটের শূন্য পদের বিপরীতে বদলি/পদায়ন করার জন্য 'সূত্রোক্ত-ক' স্মারকমূলে পার্সোনেল ম্যানেজমেন্ট-৩ শাখায় পত্র প্রেরণ করা হয়। তদপ্রেক্ষিতে পার্সোনেল ম্যানেজমেন্ট-৩ শাখা হতে 'সূত্রোক্ত-খ' স্মারকমূলে বদলি/পদায়ন করে সংশ্লিষ্ট জেলা/ইউনিটে পত্র প্রেরণ করা হয়। তন্মধ্যে ঝালকাঠি জেলায় ০২ টি নায়েক এর পদোন্নতিযোগ্য শূন্যপদের বিপরীতে কেন্দ্রীয় মেধাক্রম-১০৯ ও ১৮৭ এ উত্তীর্ণ প্রার্থীকে ঝালকাঠি জেলায় বদলি/পদায়ন করা হয়।

পরবর্তীতে 'সূত্রোক্ত-গ' স্মারকমূলে ঝালকাঠি জেলা হতে অবহিত করেন যে, ঝালকাঠি জেলার চাকরি হতে বরখাস্তকৃত নায়েক/৩৯ মোঃ ফয়েজ আহম্মেদ (বিপি-৮৪০৩০৪৭৯৬৫)'কে পুলিশ হেডকোয়ার্টার্সের নির্দেশনা মোতাবেক চাকরিতে পূনর্বহাল করা হয়। পরবর্তীতে নায়েক/সুরুজ মিয়া (বিপি-৯৮১৮২০৫৫১৭)-এর পদোন্নতিজনিত কারণে সৃষ্ট নায়েকের শূন্যপদটি অগ্রাধিকারের ভিত্তিতে সমন্বয় করা হয়েছে। সমন্বয় পরবর্তী নায়েক/সুরুজ মিয়া (বিপি-৯৮১৮২০৫৫১৭)-এর পদোন্নতিজনিত কারণে সৃষ্ট শূন্যপদের বিপরীতে কনস্টেবল হতে নায়েক পদে কেন্দ্রীয় মেধাতালিকায় উত্তীর্ণ প্রার্থীকে পদোন্নতি প্রদানের লক্ষ্যে পুলিশ হেডকোয়ার্টার্স হতে বদলি করা হয়েছে। এ ক্ষেত্রে নায়েক পদের পদোন্নতিযোগ্য প্রকৃত শূন্য পদের অতিরিক্ত কনস্টেবল পদায়ন হওয়ায় পরবর্তী সিদ্ধান্ত গ্রহণের জন্য অত্র শাখায় পত্র প্রেরণ করা হয়।

এমতাবস্থায়, ঝালকাঠি জেলায় ০২ টি নায়েকের পদোন্নতিযোগ্য শূন্যপদের মধ্যে ০১ টি শূন্যপদ যেহেতু সমন্বয় করা হয়েছে সেহেতু ঝালকাঠি জেলায় পদোন্নতির লক্ষ্যে বদলিকৃত ০২ জন কনস্টেবলের মধ্যে নিম্নোক্ত 'ছক-খ' এ বর্ণিত প্রার্থীর **ঝালকাঠি জেলার বদলির আদেশ বাতিলপূর্বক** নিম্নোক্ত 'ছক-খ' এর কলাম-৬ এ উল্লিখিত ইউনিটে বদলি করা হলো।

**ছক-ক নায়েক পদে সৃষ্ট পদোন্নতিযোগ্য শূন্যপদ সংক্রান্ত**

| ক্রম. | জেলা/ইউনিটের নাম | পদবি, নাম ও বিপি | শূন্যপদ সৃষ্টির কারণ | শূন্যপদ ঘোষণার সংশ্লিষ্ট ইউনিটের স্মারক ও তারিখ | পদোন্নতিযোগ্য শূন্যপদ |
|---|---|---|---|---|---|
| ১ | মানিকগঞ্জ | নায়েক/মোঃ বদর উদ্দিন<br>বিপি-৭২৯২০০১৮২৫ | স্বেচ্ছায় পিআরএল | ঢাকা রেঞ্জ অফিস স্মারক নং-৬৭৭, তারিখ-২১.০১.২০২৬ খ্রি. | ১ |

**ছক-খ পদোন্নতিযোগ্য কনস্টেবলের নামের তালিকা**

| ক্রম. | নাম, বিপি ও পদবি | জেলা/ইউনিট | বর্তমান কর্মরত জেলা/ইউনিট | কেন্দ্রীয় মেধাক্রম | পদায়নকৃত ইউনিট |
|---|---|---|---|---|---|
| কলাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | কলাম-৫ | কলাম-৬ |
| ১. | কনস্টেবল/সুজন মাহমুদ<br>বিপি-৯৩১৩১৫২৬৮৫ | শিল্পাঞ্চল পুলিশ-৬, খুলনা | শিল্পাঞ্চল পুলিশ-৬, খুলনা হতে পদোন্নতিসূত্রে বদলি ঝালকাঠি জেলা | ১০৯ | মানিকগঞ্জ (ঝালকাঠি জেলার বদলি আদেশ বাতিলপূর্বক) |

এমতাবস্থায়, ছক-ক এ উল্লিখিত শূন্যপদের বিপরীতে ছক-খ এ বর্ণিত ১ জন উত্তীর্ণ কনস্টেবলকে নায়েক পদে পদোন্নতি প্রদানের নিমিত্ত নিম্নোক্ত নির্দেশনা প্রতিপালনসাপেক্ষে জরুরি ভিত্তিতে বদলি/পদায়ন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১. পদোন্নতির স্বার্থে বদলি/পদায়নকৃত ইউনিটে যোগদানের পর সংশ্লিষ্ট ইউনিট কর্তৃক পদোন্নতির আদেশ জারিপূর্বক পদায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। উল্লেখ্য, জাতিসংঘ মিশনে কর্মরত কনস্টেবল/নায়েকদের পদোন্নতির ক্ষেত্রে পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকার স্মারক নং-৪৪.০১.০০০০.০২৮.১৩.০২১.১৪-৫৭৪৮(১৩০), তারিখ: ২৯ ডিসেম্বর ২০১৬ খ্রি. মূলে জারীকৃত নির্দেশনা অনুযায়ী পদোন্নতিসহ পদায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;

২. যে সকল জেলা/ইউনিট হতে উত্তীর্ণ পদোন্নতিযোগ্য কনস্টেবলকে নায়েক পদে পদোন্নতি প্রদানের নিমিত্ত বিভিন্ন জেলা/ইউনিটে বদলি/পদায়ন করা হয়েছে তাদের বদলি/পদায়নের পরিপ্রেক্ষিতে সে সকল জেলা/ইউনিটে সৃষ্ট কনস্টেবলের শূন্যপদকে প্রকৃত শূন্যপদ হিসাবে গণনা করতে হবে;

৩. যে সকল জেলা/ইউনিটে কনস্টেবলকে নায়েক পদে পদোন্নতি প্রদানের নিমিত্ত বদলি করা হয়েছে তাদেরকে পদোন্নতি প্রদানের অব্যবহিত পরে পদোন্নতি প্রদানের জেলা/অফিস আদেশ উল্লেখপূর্বক অ্যাডিশনাল ডিআইজি (আরঅ্যান্ডসিপি-১), বাংলাদেশ পুলিশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা বরাবর ফ্যাক্স বার্তায় (ফ্যাক্স নং ০২-২২৩৩৫৫৩১৯) অবহিত করতে হবে;

৪. যে সকল জেলা/ইউনিটে নায়েক এর পদোন্নতিযোগ্য শূন্যপদের বিপরীতে পদোন্নতির নিমিত্ত কনস্টেবলকে প্রেরণ করা হয়েছে শূন্যপদ সংশ্লিষ্ট জেলা যদি সে সকল কনস্টেবলের নিজ জেলা হয় তাদের পদোন্নতির ক্ষেত্রে পুলিশ হেডকোয়ার্টার্সের স্মারক নং-৪৪.০১.০০০০. ০২৮. ১৩. ০১৭.১৯/৪০৮ (১৪৫) তারিখ-১৭ আগস্ট ২০২০ খ্রি. মূলে জারীকৃত পত্রের নির্দেশনা মোতাবেক উক্ত জেলার বিপরীতে পদোন্নতি প্রদান করতঃ তাৎক্ষণিকভাবে অন্যত্র বদলি করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;

৫. যে সকল জেলা/ইউনিটে যতসংখ্যক কনস্টেবলকে নায়েক পদে পদোন্নতি প্রদানের নিমিত্ত বদলি/পদায়ন করা হয়েছে তাদেরকে পদোন্নতি প্রদানের পর পুলিশ হেডকোয়ার্টার্সের স্মারক নং-৪৪.০১.০০০০.০২৮.০৪.০১৭.১১-৩০৪০; তারিখ-০৭ অক্টোবর ২০১৫ খ্রি. পরিপত্র নং-৫/২০১৫ মূলে জারিকৃত পত্রের নির্দেশনা মোতাবেক শিক্ষানবিশ ঘোষণাকরণসহ স্থায়ীকরণের ক্ষেত্রে বিদ্যমান নির্দেশনা প্রতিপালন করতে হবে;

৬. পদায়নকৃত কনস্টেবলদের মধ্য হতে যদি কোন সদস্য ইতোমধ্যে অন্যকোন রেঞ্জ/ইউনিটে বদলি হয়ে থাকেন তবে তাদের পদায়নের নিমিত্ত ছাড়পত্র প্রদানের জন্য বর্তমান ইউনিটকে অবহিতকরণ ও বর্তমান ইউনিটকে এতদসংক্রান্তে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো এবং

৭. বদলিকৃত পুলিশ সদস্যদের মধ্যে ইতোমধ্যে কেউ পুলিশ হেডকোয়ার্টার্সের আদেশে অন্যত্র বদলি অথবা সংযুক্ত হয়ে থাকলে পূর্বের বদলি/সংযুক্তির আদেশ বাতিল বলে গণ্য হবে।


স্বাক্ষর/-
**(মোঃ জামিরুল ইসলাম)**
বিপি নং-৮১১০১২৬৮৮০
এআইজি (পার্সোনেল ম্যানেজমেন্ট-৩)
বাংলাদেশ পুলিশ
পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা।
E-mail:aigpm3@police.gov.bd


স্মারক নং-৪৪.০১.০০০০.১০৮.১২.৪০১.২৬ - ১৮৯/২(১১)

তারিখ : ১৫ মাঘ ১৪৩২ বঙ্গাব্দ / ২৯ জানুয়ারি ২০২৬ খ্রিষ্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১. অ্যাডিশনাল আইজি, শিল্পাঞ্চল পুলিশ, বাংলাদেশ পুলিশ, ঢাকা
২. ডিআইজি, ঢাকা/বরিশাল রেঞ্জ, বাংলাদেশ পুলিশ
৩. অ্যাডিশনাল ডিআইজি (রিক্রুটমেন্ট অ্যান্ড ক্যারিয়ার প্ল্যানিং-১), বাংলাদেশ পুলিশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা
৪. অ্যাডিশনাল ডিআইজি (ট্রেনিং-৩ শাখা), বাংলাদেশ পুলিশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা
৫. এআইজি (পিআইএমএস), বাংলাদেশ পুলিশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা
৬. এআইজি (আইসিটি), বাংলাদেশ পুলিশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা। **বাংলাদেশ পুলিশের ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত নির্দেশক্রমে অনুরোধ করা হলো।**
৭. পুলিশ সুপার, মানিকগঞ্জ/ঝালকাঠি জেলা
৮. পুলিশ সুপার, শিল্পাঞ্চল পুলিশ-৬
৯. অফিস কপি

29.01.2026


**(মোঃ জামিরুল ইসলাম)**
বিপি নং-৮১১০১২৬৮৮০
এআইজি (পার্সোনেল ম্যানেজমেন্ট-৩)
বাংলাদেশ পুলিশ
পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা।
E-mail:aigpm3@police.gov.bd